



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১০.১৪-২০৫

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৭
০৯ আগস্ট ২০২০

বিষয়: রিট পিটিশন নং- ৭৩৪৫/২০১৪ মামলায় ০৯.১২.১৮ খ্রি. তারিখে প্রদত্ত রায় অনুযায়ী রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন ঘিরনই মালতলা বিএসডি দাখিল মাদ্রাসার স্থগিতকৃত (এমপিও) পুনরায় চালুকরণের বিষয়ে তথ্য প্রেরণ।

সূত্র: DG, DME এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৮৫ তারিখ: ০৮.০৭.২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রে জানানো হয় যে, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন ঘিরনই মালতলা বিএসডি দাখিল মাদ্রাসার কাম সংখ্যক শিক্ষার্থী পাশ না করায় ১৯৮৯ সালে বর্ণিত প্রতিষ্ঠানের এমপিও স্থগিত করা হয়।

০২। DME কর্তৃক কাগজপত্র পর্যালোচনা করে আরো জানানো হয় যে, ১৯৯৬ থেকে ২০০৯ সাল পর্যন্ত দাখিল পরীক্ষার ফলাফল সন্তোষজনক হওয়া সত্ত্বেও বর্ণিত প্রতিষ্ঠানের এমপিও পুনরায় চালু করা হয়নি। এমপিও চালু না হওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৩৪৫/২০১৪ দায়ের করা হয়।

০৩। মহামান্য আদালত কর্তৃক রিট পিটিশন নং-৭৩৪৫/২০১৪ মামলায় ০৯.১২.১৮ খ্রি. তারিখে নিম্নরূপ আদেশ/রায় প্রদান করা হয়:
“The respondents are hereby directed to continue to give the MPO for the staffs of the Madrasha forthwith, in accordance with law.”

০৪। যেহেতু রিট পিটিশন নং- ৭৩৪৫/২০১৪ মামলার রায়ে বিধি মোতাবেক বর্ণিত মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের এমপিও চালুকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে সেহেতু উক্ত মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরের প্রয়োজনীয়তা নেই মর্মে প্রতীয়মান হয়। কারণ বিধি মোতাবেক নিষ্পত্তির যোগ্য হলে নিষ্পত্তি করা নতুবা নিষ্পত্তির যোগ্য না হলে আবেদনকারী ও সংশ্লিষ্ট আদালতকে অবহিত করা।

০৫। রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন ঘিরনই মালতলা বিএসডি দাখিল মাদ্রাসার স্থগিতকৃত বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়ের বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ০৫ অনুযায়ী এমপিও প্রাপ্তির সকল শর্ত পূরণ রয়েছে কিনা, সে বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। এমনকি বর্ণিত প্রতিষ্ঠানের এমপিও প্রাপ্তির সকল শর্ত পূরণ হয়ে থাকলে স্থগিতকৃত এমপিও কোন মাস থেকে ছাড় করা হবে সে বিষয়েও প্রস্তাবে উল্লেখ করা হয়নি। এ সকল তথ্য ব্যতিরেকে বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

০৬। এফগে, রিট পিটিশন নং-৭৩৪৫/১৪ মামলায় গত ০৯.১২.১৮ খ্রি. তারিখে প্রদত্ত রায়ের আলোকে বিষয়টি নিষ্পত্তিকরণের সুবিধার্থে নিম্নোক্ত তথ্য আবশ্যিক:

- ক. রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন ঘিরনই মালতলা বিএসডি দাখিল মাদ্রাসার স্থগিতকৃত বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়ের বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ০৫ অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠানের এমপিও প্রাপ্তির সকল শর্ত পূরণ রয়েছে কিনা; এ বিষয়ে সুনির্দিষ্ট তথ্য আবশ্যিক।
- খ. বর্ণিত প্রতিষ্ঠানের এমপিও প্রাপ্তির সকল শর্ত পূরণ হয়ে থাকলে স্থগিতকৃত এমপিও কোন মাস থেকে ছাড় করা হবে সে বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব।
- গ. ভবিষ্যতে সুনির্দিষ্ট তথ্যসহ সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ আবশ্যিক।

০৭। এমতাবস্থায়, উপরিউক্ত মতে (অনুচ্ছেদ ০৬) তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ২০.০৮.২০ খ্রি. তারিখের মধ্যে TMED তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।